

তারিখ
পৃষ্ঠা কলাম

শিক্ষার গুণগত মান খারাপ হওয়াতেই শিক্ষার উদ্দেশ্য অর্জন ব্যর্থ হচ্ছে শিক্ষামন্ত্রী

চট্টগ্রাম অফিস ॥ শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, শিক্ষার গুণগত মান খারাপ হওয়াতেই শিক্ষার উদ্দেশ্য অর্জন ব্যর্থ হচ্ছে। শিক্ষার ক্ষেত্রে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেলেও গুণগত মান ক্রমেই (২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

শিক্ষার গুণগত মান খারাপ

(শেষ পৃঃ পর)

খারাপ হচ্ছে। শিক্ষা সংকট দেশের সর্বত্র। দেশে নকল প্রবণতা নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়েছে। এক্ষেত্রে শিক্ষার মানোন্নয়নের জন্য শিক্ষকগণ সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। শিক্ষাবিদ আবদুর রহমান চম স্মারক বক্তৃতা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এ বক্তব্য রাখেন। চট্টগ্রাম জেলা পরিষদ মিলনায়তনে আবদুল রহমান স্মৃতি মজলিশ কর্তৃক আয়োজিত স্মারক বক্তৃতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক ড. কাজী আহমদ নবী। বক্তব্য রাখেন বেসামরিক বিমান চলাচল ও পর্যটন প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ নাসির উদ্দিন, লেঃ কর্নেল (অব:) জিয়াউদ্দিন, অধ্যাপক ড. জামাল নজরুল ইসলাম, ড. মোহাম্মদ মাহবুব উল্লাহ, সালেহ জহর, এডভোকেট শাসমুদ্দিন মীর্জা প্রমুখ।